# THE CHEST AND HEART ASSOCIATION OF BANGLADESH
# দি চেস্ট এন্ড হার্ট এসোসিয়েশন অব বাংলাদেশ

CHEST & HEART

**Reg. No. 4351-B / 10**

**EXECUTIVE COMMITTEE**

**President**
Dr. Md. Zahirul Islam Shakil

**Vice-President**
Prof. Dr. Md. Delwar Hossain
Prof. Dr. Md. Shahedur Rahman Khan
Prof. Dr. Anwarul Anam Kibria

**Secretary General**
Dr. Golam Sarwar Liaquat Hossain Bhuiyan

**Treasurer**
Prof. Dr. Shamim Ahmed

**Joint Secretary**
Dr. Md. Mamunur Rashid
Dr. Muhammad Murad Hossen

**Organizing Secretary**
Dr. Jalal Mohsin Uddin

**Office Secretary**
Dr. Muhammad Shakhawath Hossain

**Members**
Prof. Dr. Abdul Wadud Chowdhury
Prof. Dr. Md. Rafiqul Islam
Dr. Muhammad Abdus Shakur Khan
Dr. Kazi Saifuddin Bennoor
Dr. Md. Ziaul Karim
Dr. Md. Safiul Islam
Dr. Ashraful Alam Khan

স্মারক নং: চ্যাব/বিবৃতি/২০২৫/৬১৮০/১ তারিখ: ১৭/০৮/২০২৫

## প্রতিবাদ বিবৃতি

সম্প্রতি আইন উপদেষ্টা ড. আসিফ নজরুল ঢাকায় এক কনফারেন্সে চিকিৎসকদেরকে উদ্দেশ্য করে কিছু নেতিবাচক মন্তব্য করেছেন, যা দেশের চিকিৎসক সম্প্রদায়ের পেশাগত মর্যাদা, নৈতিকতা এবং ত্যাগকে প্রশ্নবিদ্ধ করার সমতুল্য। দ্যা চেষ্ট এন্ড হার্ট এসোসিয়েশন অব বাংলাদেশ, এই ধরনের কুরুচিপূর্ন বক্তব্যের বিরদ্ধে তীব্র ক্ষোভ ও প্রতিবাদ জানাচ্ছে। বাংলাদেশের চিকিৎসকরা প্রতিদিন সীমিত সম্পদ, পর্যাপ্ত অবকাঠামোর অভাব এবং অমানবিক কর্মপরিবেশ সত্ত্বেও রোগীর জীবন বাঁচাতে নিরলস পরিশ্রম করে যাচ্ছেন। দেশের মানুষ প্রতিনিয়ত তা প্রত্যক্ষ করছে। অথচ ডাক্তারদের 'ওষুধ কোম্পানির দালাল বা 'অনর্থক টেস্ট দেয়া'র মাধ্যমে লাভবান' হিসেবে উপস্থাপন করা শুধু অযৌক্তিক নয়, চিকিৎসক সমাজকে জনগণের চোখে হেয় প্রতিপন্ন করার অপচেষ্টা। চিকিৎসা বিজ্ঞানে প্রয়োজনীয় ডায়াগনস্টিক টেস্ট রোগ নির্ণয় ও সঠিক চিকিৎসা প্রদানের অবিচ্ছেদ্য অংশ। চিকিৎসকরা কোনো রোগীকে 'অনর্থক টেস্ট' দেন না; বরং রোগীর অবস্থার সঙ্গে সামঞ্জস্য রেখেই টেস্ট নির্ধারণ করা হয়। ব্যতিক্রমী কিছু ঘটনা যদি কোথাও ঘটে থাকে, তবে সেটি গোটা চিকিৎসক সমাজের উপর দোষ চাপিয়ে দেওয়া সম্পূর্ণ অবিচার। এছাড়া ডাক্তারদের "ওষুধ কোম্পানির দালাল' আখ্যা দেয়া অনভিপ্রেত, অশোভন ও মর্যাদাহানিকর। পেশাগত নৈতিকতা (Medical Ethics) অনুসারে ডাক্তাররা চিকিৎসার সিদ্ধান্ত নেন। কোনো কোম্পানির প্রভাবে কিংবা কোনো স্বার্থের বিনিময়ে নয়। ব্যতিক্রমী কিছু বিচ্ছিন্ন ঘটনা দিয়ে পুরো চিকিৎসক সম্প্রদায়কে ছোট করা নৈতিকতাবিরোধী। এ ধরনের বক্তব্য সাধারণ মানুষের মনে দেশের চিকিৎসকদের প্রতি অবিশ্বাস ও বিভ্রান্তি তৈরি করে। অথচ ডাক্তার-রোগীর সম্পর্কের ভিত্তি হলো আস্থা, সম্মান ও মানবিক দায়িত্ববোধ। দেশের স্বাস্থ্যখাতকে এগিয়ে নিতে হলে সমাধানমূলক প্রস্তাব দরকার, অযথা দোষারোপ নয়। বরং আমাদের আহবান থাকবে চিকিৎসক সমাজকে হেয় প্রতিপন্ন করে এমন মন্তব্য থেকে বিরত থাকার জন্য।

বাংলাদেশের চিকিৎসক সমাজ দেশ ও জাতির কল্যাণে নিয়োজিত। আমরা সবসময়ই পেশাগত নৈতিকতা, চিকিৎসা মানদন্ড এবং রোগীর সর্বোত্তম স্বার্থকে প্রাধান্য দিয়ে থাকি। তাই স্বাস্থ্যখাতের সমস্যাগুলো সমাধানে চিকিৎসক, নীতিনির্ধারক ও হাসপাতাল কর্তৃপক্ষ সবাইকে একসাথে কাজ করতে হবে। ডাক্তারদের সম্মান ও আত্মমর্যাদা রক্ষায় আমরা সর্বদা সোচ্চার থাকব।

তাই চিকিৎসকদের নিয়ে অবমাননাকর মন্তব্য শুধু দায়িত্বজ্ঞানহীনতা নয়, বরং জাতীয় স্বাস্থ্যব্যবস্থাকে দুর্বল করার সামিল।

দ্যা চেষ্ট এন্ড হার্ট এসোসিয়েশন অব বাংলাদেশ দৃঢ়তার সাথে ডাক্তারদের সম্মান রক্ষার প্রশ্নে আপসহীন অবস্থান প্রকাশ করছে এবং অবিলম্বে তার এই দায়িত্বজ্ঞানহীন অভব্য বক্তব্য প্রত্যাহারের দাবি জানাচ্ছে।

**(ডা. মোঃ জহিরুল ইসলাম শাকিল)**
**সভাপতি**

**(ডা. গোলাম সারওয়ার লিয়াকত হোসেন ভূঞা)**
**মহাসচিব**

**Association Secretariate:** Administrative Block, Room No.-208, National Institute of Diseases of the Chest and Hospital, Mohakhali, Dhaka-1212, Bangladesh
Phone/Fax: 02-55067145, E-mail: chestheart@gmail.com Website: www.chestheart.org